



13. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

4×2=8

- (i) 28 সেমি দৈর্ঘ্যের ব্যাসবিশিষ্ট একটি লম্ব বৃত্তাকার চোঙে কিছু জল আছে এবং তাতে সমান ব্যাসের তিনটি নিরেট লোহার গোলক সম্পূর্ণ ডোবানো যায়। গোলকগুলি ডোবানোর আগে জলতলের যে উচ্চতা ছিল গোলকগুলি ডোবানোর ফলে জলতলের উচ্চতা তার থেকে 7 সেমি বৃদ্ধি পায়। গোলকগুলির ব্যাসের দৈর্ঘ্য নির্ণয় করো।
- (ii) একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ব্যাস 21 মিটার এবং উচ্চতা 14 মিটার। প্রতি বর্গমিটার 1.50 টাকা হিসেবে পার্শ্বতল রং করতে কত টাকা খরচ পড়বে তা নির্ণয় করো।
- (iii) একটি ছিদ্র দিয়ে জাহাজের খোলে 220 কিলোলিটার জল ঢুকেছে। ছিদ্রটি বন্ধ করার পর জল নিকাশের জন্য একটি পাম্প লাগানো হয়েছে। পাম্পটির পাইপের ব্যাসের দৈর্ঘ্য 20 সেমি এবং চালু অবস্থায় জলের গতিবেগ মিনিটে 350 মিটার হলে, সমস্ত জল নিকাশ করতে পাম্পটি কতক্ষণ চালু রাখতে হবে তা নির্ণয় করো।

14. 200 মিটার উঁচু একটি বাড়ির ছাদ থেকে দেখলে ঠিক বিপরীত দিকে অপর একটি বাড়ির চূড়া ও পাদবিন্দুর অবনতি কোণ যথাক্রমে 30° এবং 60°; বাড়িটির উচ্চতা নির্ণয় করো।

5

অথবা, সূর্যের উন্নতি কোণ 30° থেকে বৃদ্ধি পেয়ে 45° হলে, একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য 3 মিটার কমে যায়। খুঁটিটির উচ্চতা নির্ণয় করো।

15. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

4×2=8

- (i) একটি কর্মসূচিতে উপস্থিত 100 জনের বয়স নীচের ছকে দেওয়া হল। ওই 100 জন লোকের গড় বয়স নির্ণয় করো : (যে-কোনো পদ্ধতিতে)

বয়স (বছরে)	10 – 20	20 – 30	30 – 40	40 – 50	50 – 60	60 – 70
লোকসংখ্যা	12	08	22	20	18	20

- (ii)
- | | | | | | | |
|-----------|-------|--------|---------|---------|---------|---------|
| শ্রেণি | 0 – 5 | 5 – 10 | 10 – 15 | 15 – 20 | 20 – 25 | 25 – 30 |
| পরিসংখ্যা | 4 | 10 | 15 | 8 | 3 | 5 |

প্রদত্ত তথ্যের ক্রমবৈগিক পরিসংখ্যা বিভাজন তালিকা (বৃহত্তর সূচক) তৈরি করে ছক কাগজে ওজাইভ অঙ্কন করো :

- (iii) নীচের পরিসংখ্যা বিভাজনের দ্বারা প্রদত্ত তথ্যটির সংখ্যাগুরুমান নির্ণয় করো :

দ্রব্যের আকারের নম্বর	4 – 8	8 – 12	12 – 16	16 – 20	20 – 24	24 – 28	28 – 32
পরিসংখ্যা	9	10	18	14	10	6	3

ANSWER

1. (i) (b) $\frac{1}{3}$ অংশ; (ii) (c) ab ও ac; (iii) (a) $\sin \alpha = \cos \alpha$; (iv) (a) $R + r$; (v) (d) 6 একক; (vi) (d) 1, 2, 3, 6; 2. (i) $p\left(1 + \frac{r}{400}\right)^{4n} - p$;
(ii) 10; (iii) $r\theta$; (iv) 3; (v) r ; (vi) সংখ্যাগুরু মানের; 3. (i) মিথ্যা; (ii) সত্য; (iii) সত্য; (iv) মিথ্যা; (v) সত্য; (vi) মিথ্যা; 4. (i) 60 টি;
(ii) 2 বছর; (iii) $y = x^2$; (iv) বীজদ্বয় পরস্পর অন্যান্যক; (v) 2 : 3; (vi) 4 মিটার; (vii) $2\sqrt{69}$ সেমি; (viii) 40°; (ix) 4 একক;
(x) 0; (xi) $\frac{\pi^c}{2}, \frac{\pi^c}{4}, \frac{\pi^c}{4}$; (xii) 54; 5. 4000 টাকা; অথবা, 17000 টাকা, 23000 টাকা; 6. 3, 10; অথবা, 39; 7. $2\sqrt{15} - 2\sqrt{6} - 2\sqrt{10}$;
অথবা, 10 সেমি; 12. (i) $\frac{5\pi^c}{18}, \frac{2\pi^c}{9}$; 13. (i) 14 সেমি; (ii) 866.25 টাকা; (iii) 20 মিনিট; 14. $133\frac{1}{3}$ মিটার; অথবা, $\frac{3}{2}(\sqrt{3} + 1)$ মিটার;
15. (i) 43.4 বছর; (iii) 14.66 (প্রায়)।

Madhyamik Examination - 2017

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো :

1×6=6

- (i) কোনো আসল ও তার বার্ষিক সবৃদ্ধিমূলের অনুপাত 25 : 28 হলে, বার্ষিক সুদের হার — (a) 3%, (b) 12%, (c) $10\frac{5}{7}\%$, (d) 8%।
- (ii) কোন্ শর্তে $ax^2 + bx + c = 0$ দ্বিঘাত সমীকরণটির একটি বীজ শূন্য হবে? —
(a) $a = 0$, (b) $b = 0$, (c) $c = 0$, (d) এদের কোনোটিই নয়।
- (iii) দুটি বৃত্ত পরস্পরকে স্পর্শ বা ছেদ না করলে বৃত্ত দুটির সাধারণ স্পর্শক সংখ্যা — (a) 2টি, (b) 1 টি, (c) 3 টি, (d) 4 টি।
- (iv) $\sin \theta = \cos \theta$ হলে, 2θ -এর মান হবে — (a) 30°, (b) 60°, (c) 45°, (d) 90°।
- (v) একটি শঙ্কুর ভূমির ব্যাসার্ধের দৈর্ঘ্য এবং উচ্চতা প্রত্যেকটি দ্বিগুণ হলে, শঙ্কুর আয়তন হয় পূর্বের শঙ্কুর আয়তনের—
(a) 3 গুণ, (b) 4 গুণ, (c) 6 গুণ, (d) 8 গুণ।
- (vi) 2, 8, 2, 3, 8, 5, 9, 5, 6 সংখ্যাগুলির মধ্যমা — (a) 8, (b) 6.5, (c) 5.5, (d) 5।

2. শূন্যস্থান পূরণ করো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) কোনো মূলধনের বার্ষিক শতকরা একই সুদের হারে _____ বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পরিমাণ সমান।
- (ii) $ax^2 + bx + c = 0$ ($a \neq 0$) দ্বিঘাত সমীকরণের $b^2 = 4ac$ হলে, বীজদ্বয় বাস্তব ও _____ হবে।
- (iii) দুটি ত্রিভুজের বাহুগুলির দৈর্ঘ্যের পরিমাপ সমানুপাতে থাকলে ত্রিভুজ দুটি _____ হবে।



(iv) $\cos^2 \theta - \sin^2 \theta = \frac{1}{x}$, ($x > 1$) হলে, $\cos^4 \theta - \sin^4 \theta =$ _____।

(v) একটি নিরেট অর্ধগোলকের সমতল সংখ্যা _____।

(vi) $x_1, x_2, x_3, \dots, x_n$ এই n সংখ্যক সংখ্যার গড় \bar{x} হলে, $Kx_1, Kx_2, Kx_3, \dots, Kx_n$ -এর গড় _____ ($K \neq 0$)।

3. সত্য বা মিথ্যা লেখো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

(i) A 10,000 টাকা দিয়ে ব্যবসা শুরু করার 6 মাস পরে B 20,000 টাকা দিল। তাহলে বৎসরান্তে তাদের লভ্যাংশের পরিমাণ সমান হবে।

(ii) $x = 2 + \sqrt{3}$ হলে, $x + \frac{1}{x}$ -এর মান হবে $2\sqrt{3}$ ।

(iii) 7 সেমি ও 3 সেমি ব্যাসার্ধবিশিষ্ট দুটি বৃত্ত বহিঃস্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব 4 সেমি হবে।

(iv) $0^\circ < \theta < 90^\circ$ হলে, $\sin \theta > \sin^2 \theta$ হবে।

(v) একটি অর্ধগোলকের সমগ্রতলের ক্ষেত্রফল 36π বর্গসেমি হলে এর ব্যাসার্ধ 3 সেমি হবে।

(vi) ওজাইভ দুটির ছেদবিন্দু থেকে x -অক্ষের ওপর লম্ব টানলে, x অক্ষ ও লম্বের ছেদবিন্দুর ভূজই হল মধ্যমা।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দশটি)

2×10=20

(i) $r\%$ হার চক্রবৃদ্ধি সুদে কোনো মূলধন 8 বছরে দ্বিগুণ হলে চারগুণ হবে কত বছরে?

(ii) কোনো এক ব্যবসায় A-এর মূলধন B-এর মূলধনের দেড়গুণ। ওই ব্যবসায় বৎসরান্তে B 1500 টাকা লভ্যাংশ পেলে, A কত টাকা লভ্যাংশ পাবে?

(iii) সমাধান না করে 'p'-এর যে-সকল মানের জন্য $x^2 + (p-3)x + p = 0$ সমীকরণের বাস্তব ও সমান বীজ আছে তা নির্ণয় করো।

(iv) $x \propto yz$ এবং $y \propto zx$ হলে দেখাও যে, $z (\neq 0)$ একটি ধ্রুবক।

(v) দুটি সদৃশ ত্রিভুজের পরিসীমা যথাক্রমে 20 সেমি ও 16 সেমি। প্রথম ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য 9 সেমি হলে, দ্বিতীয় ত্রিভুজের অনুরূপ বাহুর দৈর্ঘ্য কত?

(vi) $\triangle ABC$ -এর $\angle ABC = 90^\circ$, $AB = 5$ সেমি, $BC = 12$ সেমি হলে ওই ত্রিভুজটির পরিব্যাসার্ধের দৈর্ঘ্য কত?

(vii) ABC ত্রিভুজের $AB = (2a - 1)$ সেমি, $AC = 2\sqrt{2a}$ সেমি এবং $BC = (2a + 1)$ সেমি হলে, $\angle BAC$ -এর মান লেখো।

(viii) $x = a \sec \theta$, $y = b \tan \theta$ হলে, x এবং y -এর θ বর্জিত সম্পর্ক নির্ণয় করো।

(ix) $\tan(\theta + 15^\circ) = \sqrt{3}$ হলে, $\sin \theta + \cos \theta$ -এর মান নির্ণয় করো।

(x) একটি গোলকের ব্যাস অপর একটি গোলকের ব্যাসের দ্বিগুণ। যদি বড়ো গোলকটির সমগ্রতলের ক্ষেত্রফলের সাংখ্যমান ছোটো গোলকটির আয়তনের সাংখ্যমানের সমান হয়, তবে ছোটো গোলকটির ব্যাসার্ধ কত?

(xi) একটি আয়তঘনকের তলসংখ্যা x , ধারসংখ্যা y , শীর্ষবিন্দুর সংখ্যা z এবং কর্ণের সংখ্যা P হলে, $x - y + z + P$ -এর মান কত?

(xii) 11, 12, 14, $x-2$, $x+4$, $x+9$, 32, 38, 47 রাশিগুলি উর্ধ্বক্রমানুসারে সাজানো এবং তাদের মধ্যমা 24 হলে, x -এর মান নির্ণয় করো।

5. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) বার্ষিক 4% হার সুদে কত টাকার 2 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের অন্তর 80 টাকা হবে?

(ii) A, B, C যৌথভাবে 1,80,000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করল। A, B-এর থেকে 20,000 টাকা বেশি এবং B, C-এর থেকে 20,000 টাকা বেশি দিল। লাভের পরিমাণ 10,800 টাকা তাদের মধ্যে ভাগ করে দাও।

6. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) সমাধান করো : $\frac{1}{a+b+x} = \frac{1}{a} + \frac{1}{b} + \frac{1}{x}$ [$x \neq 0, -(a+b)$]

(ii) একটি অখণ্ড ধনাত্মক সংখ্যার পাঁচগুণ, তার বর্গের দ্বিগুণ অপেক্ষা 3 কম হলে সংখ্যাটি কত?

7. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) সরল করো : $\frac{1}{\sqrt{2} + \sqrt{3}} - \frac{\sqrt{3} + 1}{2 + \sqrt{3}} + \frac{\sqrt{2} + 1}{3 + 2\sqrt{2}}$ ।

(ii) একটি হোস্টেলের ব্যয় আংশিক ধ্রুবক ও আংশিক ওই হোস্টেলের আবাসিকদের সংখ্যার সঙ্গে সরলভেদে আছে। আবাসিক সংখ্যা 120 হলে ব্যয় 2000 টাকা এবং আবাসিক সংখ্যা 100 হলে ব্যয় 1700 টাকা হয়। ব্যয় 1880 টাকা হলে হোস্টেলের আবাসিক সংখ্যা কত হবে?

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) যদি $\frac{a}{b+c} = \frac{b}{c+a} = \frac{c}{a+b}$ হয়, তবে প্রমাণ করো যে, প্রত্যেকটি অনুপাতের মান হয় $\frac{1}{2}$ অথবা -1 ।

(ii) যদি $(b+c-a)x = (c+a-b)y = (a+b-c)z = 2$ হয়, তবে দেখাও যে, $\left(\frac{1}{x} + \frac{1}{y}\right)\left(\frac{1}{y} + \frac{1}{z}\right)\left(\frac{1}{z} + \frac{1}{x}\right) = abc$ ।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) যে-কোনো ত্রিভুজের একটি বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টির সমান হলে প্রমাণ করো, প্রথম বাহুর বিপরীত কোণটি সমকোণ হবে।



(ii) প্রমাণ করো যে, কোনো বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে যে দুটি স্পর্শক অঙ্কন করা যায় তাদের স্পর্শবিন্দু দুটির সঙ্গে বহিঃস্থ বিন্দুর সংযোজক সরলরেখাংশ দুটির দৈর্ঘ্য সমান।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

- (i) প্রমাণ করো যে, কোনো চতুর্ভুজের কোণ চারটির সমদ্বিখণ্ডকগুলি পরস্পর মিলিত হয়ে যে চতুর্ভুজ গঠন করে, সেটি বৃত্তস্থ চতুর্ভুজ।
(ii) $\triangle ABC$ -এর পরিকেন্দ্র O এবং $OD \perp BC$; প্রমাণ করো যে, $\angle BOD = \angle BAC$ ।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

- (i) 6 সেমি বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন করো এবং ওই ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে)
(ii) 8 সেমি ও 6 সেমি বাহুবিশিষ্ট একটি আয়তক্ষেত্র অঙ্কন করো এবং ওই আয়তক্ষেত্রের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি বর্গক্ষেত্র অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে)

12. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

3×2=6

- (i) কোনো চতুর্ভুজের তিনটি কোণের পরিমাপ $\frac{\pi^c}{3}$, $\frac{5\pi^c}{6}$, 90° হলে, চতুর্থ কোণটির ষষ্ঠিক ও বৃত্তীয় মান লেখো।
(ii) $\frac{\sin \theta}{x} = \frac{\cos \theta}{y}$ হলে, প্রমাণ করো যে, $\sin \theta - \cos \theta = \frac{x-y}{\sqrt{x^2+y^2}}$ ।
(iii) যদি $\tan 9^\circ = \frac{a}{b}$ হয় তবে প্রমাণ করো যে, $\frac{\sec^2 81^\circ}{1 + \cot^2 81^\circ} = \frac{b^2}{a^2}$ ।

13. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

- (i) দুটি স্তম্ভের দূরত্ব 150 মিটার। একটির উচ্চতা অন্যটির তিনগুণ। স্তম্ভদ্বয়ের পাদদেশ সংযোগকারী রেখাংশের মধ্যবিন্দু থেকে তাদের শীর্ষের উন্নতি কোণদ্বয় পরস্পর পূরক। ছোটো স্তম্ভটির উচ্চতা নির্ণয় করো।
(ii) একটি লাইটহাউস থেকে তার সঙ্গে একই সরলরেখায় অবস্থিত দুটি জাহাজের অবনতি কোণ যদি 60° এবং 30° হয় এবং কাছের জাহাজটি যদি লাইটহাউস থেকে 150 মিটার দূরে থাকে তবে লাইটহাউস থেকে দূরের জাহাজটির দূরত্ব কত?

14. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

4×2=8

- (i) 4.2 ডেসিমি দৈর্ঘ্যের ধারবিশিষ্ট একটি নিরেট কাঠের ঘনক থেকে সবথেকে কম কাঠ নষ্ট করে যে নিরেট লম্ববৃত্তাকার শঙ্কু পাওয়া যাবে তার আয়তন নির্ণয় করো।
(ii) 9 সেমি দৈর্ঘ্যের ব্যাসাবিশিষ্ট একটি অর্ধগোলাকার পাত্র সম্পূর্ণ জলপূর্ণ আছে। এই জল 3 সেমি দৈর্ঘ্যের ব্যাস এবং 4 সেমি উচ্চতাবিশিষ্ট চোঙাকৃতি বোতলে ভরতি করে রাখা যাবে। পাত্রটি খালি করতে কতগুলি বোতল দরকার হবে?
(iii) একটি ঢাকনা সমেত চোঙাকৃতি জলের ট্যাংকের ভূমির ক্ষেত্রফল 616 বর্গমিটার এবং উচ্চতা 21 মিটার। ওই ট্যাংকের সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

15. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

4×2=8

- (i) নীচের তথ্যের মধ্যমা 32 হলে, x ও y -এর মান নির্ণয় করো যখন পরিসংখ্যার সমষ্টি 100।

শ্রেণি-সীমা	0 - 10	10 - 20	20 - 30	30 - 40	40 - 50	50 - 60
পরিসংখ্যা	10	x	25	30	y	10

- (ii) নীচের পরিসংখ্যা বিভাজনের সংখ্যাগুরু মান নির্ণয় করো।

শ্রেণি-সীমা	0 - 5	5 - 10	10 - 15	15 - 20	20 - 25	25 - 30	30 - 35
পরিসংখ্যা	5	12	18	28	17	12	8

- (iii) নীচের তথ্যের ক্রমবৈজ্ঞানিক পরিসংখ্যা (বৃহত্তর সূচক) তালিকা তৈরি করে ছক কাগজে ওজাইভ অঙ্কন করো।

শ্রেণি-সীমা	0 - 5	5 - 10	10 - 15	15 - 20	20 - 25	25 - 30
পরিসংখ্যা	4	10	15	8	3	5

ANSWER

1. (i) (b) 12%; (ii) (c) $c = 0$; (iii) (d) 4 টি; (iv) (d) 90° ; (v) (d) 8 গুণ; (vi) (d) 5; 2. (i) 1; (ii) সমান; (iii) সদৃশ; (iv) $\frac{1}{x}$; (v) একটি; (vi) Kx ;
3. (i) সত্য; (ii) মিথ্যা; (iii) মিথ্যা; (iv) সত্য; (v) মিথ্যা; (vi) সত্য; 4. (i) 16 বছরে; (ii) 2250 টাকা; (iii) $p = 1, 9$; (v) 7.2 সেমি; (vi) 6.5 সেমি;
(vii) 90° ; (viii) $b^2x^2 - a^2y^2 = a^2b^2$; (ix) $\sqrt{2}$; (x) 12 একক; (xi) 6; (xii) 20; 5. (i) 50000 টাকা; (ii) A - 2400 টাকা,
B - 3600 টাকা, C - 4800 টাকা; 6. (i) $-a, -b$; (ii) 3; 7. (i) 0; (ii) 112 জন; 12. (i) $60^\circ, \frac{\pi^c}{3}$; 13. (i) $25\sqrt{3}$ মিটার; (ii) 450 মিটার;
14. (i) 19404 ঘনসেমি; (ii) 54 টি; (iii) 3080 বর্গমিটার; 15. (i) $x = 9, y = 16$; (ii) 17.38 (প্রায়)।



Madhyamik Examination - 2018

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো :

1×6=6

- (i) বার্ষিক 10% সরল সুদের হারে a টাকার b মাসের সুদ — (a) $\frac{ab}{100}$ টাকা, (b) $\frac{ab}{120}$ টাকা, (c) $\frac{ab}{1200}$ টাকা, (d) $\frac{ab}{10}$ টাকা।
- (ii) যদি $x \propto y$ হয়, তাহলে — (a) $x^2 \propto y^3$, (b) $x^3 \propto y^2$, (c) $x \propto y^2$, (d) $x^2 \propto y^2$ হবে।
- (iii) ABCD বৃত্তস্থ চতুর্ভুজের $\angle A = 100^\circ$ হলে, $\angle C$ -এর মান — (a) 50° , (b) 200° , (c) 80° , (d) 180° ।
- (iv) $\frac{7\pi^c}{12}$ -এর ষষ্ঠিক পদ্ধতিতে মানটি হল — (a) 115° , (b) 150° , (c) 135° , (d) 105° ।
- (v) একটি ঘনকের একটি বাহুর দৈর্ঘ্য a একক এবং কর্ণের দৈর্ঘ্য d একক হলে a এবং d-এর মধ্যে সম্পর্ক হবে—
(a) $\sqrt{2}a = d$, (b) $\sqrt{3}a = d$, (c) $a = \sqrt{3}d$, (d) $a = \sqrt{2}d$ ।
- (vi) 6, 7, x, 8, y, 16 সংখ্যাগুলির গড় 9 হলে — (a) $x + y = 21$, (b) $x + y = 17$, (c) $x - y = 21$, (d) $x - y = 19$ ।

2. সূত্রস্থান পূরণ করো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) বার্ষিক r% সরল সুদের হারে কোনো মূলধনের n বছরের সুদ $\frac{pnr}{25}$ টাকা হলে মূলধনের পরিমাণ _____ টাকা হবে।
- (ii) $(a - 2)x^2 + 3x + 5 = 0$ সমীকরণটিতে a-এর মান _____-এর জন্য দ্বিঘাত সমীকরণ হবে না।
- (iii) ABCD একটি বৃত্তস্থ সামান্তরিক হলে, $\angle A$ -এর মান হবে _____।
- (iv) $\tan 35^\circ \tan 55^\circ = \sin \theta$ হলে, θ -এর সর্বনিম্ন ধনাত্মক মান _____ হবে।
- (v) একমুখ কাটা একটি পেনসিলের আকার চোঙ ও _____-এর সমন্বয়।
- (vi) মধ্যগামিতার মাপকগুলি হল গড়, মধ্যমা ও _____।

3. সত্য বা মিথ্যা লেখো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) নির্দিষ্ট আসলের ওপর সমান হারে সুদ হলে 2 বছরের সরল সুদ, চক্রবৃদ্ধি সুদের তুলনায় বেশি।
- (ii) x^3y , x^2y^2 এবং xy^3 ক্রমিক সমানুপাতী।
- (iii) অর্ধবৃত্তাংশস্থ অপেক্ষা ক্ষুদ্রতর বৃত্তাংশস্থ কোণ স্থূলকোণ।
- (iv) $\sec^2 27^\circ - \cot^2 63^\circ$ -এর সরলতম মান 1।
- (v) একটি গোলকের ব্যাসার্ধ দ্বিগুণ হলে গোলকটির আয়তন প্রথম গোলকের আয়তনের দ্বিগুণ হবে।

(vi)	স্কোর	1	2	3	4	5
	শিক্ষার্থীর সংখ্যা	3	6	4	7	5

বিভাজনটির সংখ্যাগুরু মান হল 3।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুইটি)

2×10=20

- (i) বার্ষিক সরল সুদের হার 4% থেকে $3\frac{3}{4}\%$ হওয়ায় এক ব্যক্তির বার্ষিক আয় 60 টাকা কম হয়। ওই ব্যক্তির মূলধন নির্ণয় করো।
- (ii) A ও B যথাক্রমে 15,000 টাকা ও 45,000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করল। 6 মাস পরে B লভ্যাংশ হিসেবে 3,030 টাকা পেল। A-এর লভ্যাংশ কত?
- (iii) $2x + \frac{1}{x} = 2$ হলে, $\frac{x}{2x^2 + x + 1}$ -এর মান কত?
- (iv) কোনো দ্বিঘাত সমীকরণের বীজদ্বয় 2, -3 হলে সমীকরণটি লেখো।
- (v) $\triangle ABC$ -এর BC বাহুর সমান্তরাল সরলরেখা AB ও AC-কে যথাক্রমে P ও Q বিন্দুতে ছেদ করে। যদি AP = 4 সেমি, QC = 9 সেমি এবং PB = AQ হয় তাহলে PB-এর দৈর্ঘ্য নির্ণয় করো।
- (vi) O কেন্দ্রীয় বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য 5 সেমি। O বিন্দু থেকে 13 সেমি দূরত্বে P একটি বিন্দু। PQ এবং PR বৃত্তের দুটি স্পর্শক হলে PQOR চতুর্ভুজের ক্ষেত্রফল কত?
- (vii) O কেন্দ্রীয় বৃত্তে AB ও CD জ্যা দুটি কেন্দ্র থেকে সমদূরবর্তী। $\angle AOB = 60^\circ$ এবং CD = 6 সেমি হলে, বৃত্তটির ব্যাসার্ধের দৈর্ঘ্য কত?
- (viii) $\tan \theta + \cot \theta = 2$ হলে, $\tan^7 \theta + \cot^7 \theta =$ কত?
- (ix) একটি স্তম্ভের ছায়ার দৈর্ঘ্য এবং স্তম্ভের উচ্চতার অনুপাত $\sqrt{3} : 1$ হলে, সূর্যের উন্নতি কোণ নির্ণয় করো।
- (x) দুটি লম্ব বৃত্তাকার চোঙের আয়তন সমান ও তাদের উচ্চতার অনুপাত 1 : 2 হলে, চোঙ দুটির ব্যাসার্ধের দৈর্ঘ্যের অনুপাত কত?
- (xi) একটি নিরেট অর্ধগোলকের আয়তন 144π ঘনসেমি হলে, গোলকটির ব্যাসের দৈর্ঘ্য কত?
- (xii) একটি পরিসংখ্যা বিভাজনের গড় 8.1, $\sum f_i x_i = 132 + 5K$ এবং $\sum f_i = 20$ হলে, K-এর মান কত?

5. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

- (i) আমিনুর একটি ব্যাংক থেকে 64,000 টাকা ধার নিয়েছে। যদি ব্যাংকের সুদের হার প্রতি বছরে প্রতি টাকায় 2.5 পয়সা হয়, তবে ওই টাকার 2 বছরের চক্রবৃদ্ধি সুদ কত হবে?



(ii) A, B ও C যথাক্রমে 6,000 টাকা, 8,000 টাকা ও 9,000 টাকা মূলধন নিয়ে একত্রে ব্যবসা আরম্ভ করল। কয়েকমাস পর A আরও 3,000 টাকা ব্যবসায় লগ্নি করল। বছরের শেষে মোট 30,000 টাকা লাভ হল এবং C তার ভাগে 10,800 টাকা লভ্যাংশ পেল। A কখন আরও 3,000 টাকা লগ্নি করেছিল?

6. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) সমাধান করো : $\left(\frac{x+4}{x-4}\right)^2 - 5\left(\frac{x+4}{x-4}\right) + 6 = 0$ [$x \neq 4$]

(ii) দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্কটি দশক স্থানীয় অঙ্ক অপেক্ষা 6 বেশি এবং অঙ্কদ্বয়ের গুণফল সংখ্যাটির চেয়ে 12 কম। সংখ্যাটির এককের অঙ্ক কী কী হতে পারে?

7. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) সরলতম মান নির্ণয় করো : $\sqrt{7}(\sqrt{5} - \sqrt{2}) - \sqrt{5}(\sqrt{7} - \sqrt{2}) + \frac{2\sqrt{2}}{\sqrt{5} + \sqrt{7}}$

(ii) $x \propto y$ এবং $y \propto z$ হলে প্রমাণ করো, $(x^2 + y^2 + z^2) \propto (xy + yz + zx)$

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) $\frac{a+b-c}{a+b} = \frac{b+c-a}{b+c} = \frac{c+a-b}{c+a}$ এবং $a+b+c \neq 0$ হলে প্রমাণ করো, $a = b = c$

(ii) $x : a = y : b = z : c$, হলে দেখাও যে, $(a^2 + b^2 + c^2)(x^2 + y^2 + z^2) = (ax + by + cz)^2$

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) প্রমাণ করো, একটি সমকোণী ত্রিভুজের সমকৌণিক বিন্দু থেকে অতিভুজের ওপর লম্ব অঙ্কন করলে লম্বের দুপাশে যে দুটি ত্রিভুজ উৎপন্ন হয়, তারা মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ এবং তারা পরস্পর সদৃশ।

(ii) প্রমাণ করো, কোনো বৃত্তের স্পর্শক ও স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ পরস্পর লম্ব।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) ABC ত্রিভুজের BC বাহুর ওপর AD লম্ব এবং $AD^2 = BD \cdot DC$; প্রমাণ করো, $\angle BAC$ একটি সমকোণ।

(ii) একটি সরলরেখা দুটি এককেন্দ্রীয় বৃত্তের একটিকে A ও B বিন্দুতে এবং অপরটিকে C ও D বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করো, $AC = BD$ ।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) 4 সেমি ও 2 সেমি ব্যাসার্ধবিশিষ্ট দুটি বৃত্ত অঙ্কন করো যাদের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব 7 সেমি। ওই বৃত্তদুটির একটি সরল সাধারণ স্পর্শক অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে)

(ii) একটি ত্রিভুজ অঙ্কন করো যার দুটি বাহুর দৈর্ঘ্য 9 সেমি, 7 সেমি এবং তাদের অন্তর্ভুক্ত কোণ 60° ; ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে)

12. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

$3 \times 2 = 6$

(i) একটি বৃত্তের 220 সেমি দৈর্ঘ্যের বৃত্তচাপ বৃত্তের কেন্দ্রে 60° পরিমাপের কোণ উৎপন্ন করলে, বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য নির্ণয় করো।

(ii) যদি $\cos^2 \theta - \sin^2 \theta = \frac{1}{2}$ হয়, তাহলে $\tan^2 \theta$ -এর মান নির্ণয় করো।

(iii) মান নির্ণয় করো : $\frac{\sec 17^\circ}{\operatorname{cosec} 73^\circ} + \frac{\tan 68^\circ}{\cot 22^\circ} + \cos^2 44^\circ + \cos^2 46^\circ$ ।

13. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) সূর্যের উন্নতি কোণ 45° থেকে বৃষ্টি পেয়ে 60° হলে, একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য 3 মিটার কমে যায়। খুঁটির উচ্চতা নির্ণয় করো।

(ii) $5\sqrt{3}$ মিটার উঁচু একটি রেলওয়ে ওভারব্রিজে দাঁড়িয়ে এক ব্যক্তি প্রথমে একটি ট্রেনের ইঞ্জিনকে ব্রিজের এপারে 30° অবনতি কোণে দেখলেন। কিন্তু 2 সেকেন্ড পরে ওই ইঞ্জিনকে ব্রিজের ওপারে 45° অবনতি কোণে দেখলেন। ট্রেনটির গতিবেগ কত?

14. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

$4 \times 2 = 8$

(i) একটি ঘনকের প্রতিটি বাহুকে 50% কমানো হল। মূল ঘনক ও পরিবর্তিত ঘনকের ঘনফলের অনুপাত কত?

(ii) ঢাকনাবিহীন একটি লম্ব বৃত্তাকার চোঙাকৃতি পাত্রের সমগ্রতলের ক্ষেত্রফল 2002 বর্গসেমি। পাত্রটির ভূমির ব্যাসার্ধ 7 সেমি হলে, পাত্রটিতে কত লিটার জল ধরবে? (1 লিটার = 1 ঘনডেসিমি)

(iii) 21 ডেসিমি দীর্ঘ, 11 ডেসিমি প্রশস্ত ও 6 ডেসিমি গভীর একটি চৌবাচ্চার অর্ধেক জলপূর্ণ আছে। ওই চৌবাচ্চায় যদি 21 সেমি ব্যাসের 100 টি নিরেট গোলক ডুবিয়ে দেওয়া যায়, তবে জলতল কত ডেসিমি উঠে আসবে?

15. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

$4 \times 2 = 8$

(i) নিম্নে প্রদত্ত প্রবেশিকা পরীক্ষায় পরীক্ষার্থীর বয়সের পরিসংখ্যা বিভাজন ছক থেকে সংখ্যাগুরু মান নির্ণয় করো।

বয়স (বছরে)	16 - 18	18 - 20	20 - 22	22 - 24	24 - 26
পরীক্ষার্থীর সংখ্যা	45	75	38	22	20



(ii) নীচের তথ্যের মধ্যমা নির্ণয় করো।

শ্রেণি-সীমা	1-5	6-10	11-15	16-20	21-25	26-30	31-35
পরিসংখ্যা	2	3	6	7	5	4	3

(iii) নীচের পরিসংখ্যা বিভাজনের ক্ষুদ্রতর সূচক ওজাইভ অঙ্কন করো।

শ্রেণি-সীমা	50-60	60-70	70-80	80-90	90-100
পরিসংখ্যা	4	8	12	6	10

ANSWER

1. (i) (b) $\frac{ab}{120}$ টাকা; (ii) (d) $x^2 \propto y^2$; (iii) (c) 80° ; (iv) (d) 105° ; (v) (b) $\sqrt{3}a = d$; (vi) (b) $x + y = 17$; 2. (i) $4p$; (ii) 2; (iii) 90° ; (iv) 90° ; (v) শঙ্কু; (vi) সংখ্যাগুরু মান; 3. (i) মিথ্যা; (ii) সত্য; (iii) সত্য; (iv) সত্য; (v) মিথ্যা; (vi) মিথ্যা; 4. (i) 24000 টাকা; (ii) 1010 টাকা; (iii) $\frac{1}{3}$; (iv) $x^2 + x - 6 = 0$; (v) 6 সেমি; (vi) 60 বর্গসেমি; (vii) 6 সেমি; (viii) 2; (ix) 30° ; (x) $\sqrt{2} : 1$; (xi) 12 সেমি; (xii) 6; 5. (i) 3240 টাকা; (ii) 4 মাস পরে; 6. (i) 8, 12; (ii) 8 বা 9; 7. (i) 0; 12. (i) 210 সেমি; (ii) $\frac{1}{3}$; (iii) 3; 13. (i) 7.098 মিটার; (ii) 11.83 মিটার/সেকেন্ড; 14. (i) 8 : 1; (ii) 6.468 লিটার; (iii) 2.1 ডেসিমিটার; 15. (i) 18.90 (প্রায়); (ii) 18.36 (প্রায়)।

Madhyamik Examination - 2019

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো :

1×6=6

- (i) কোনো অংশীদারি ব্যবসায় দুই বন্ধুর প্রাপ্ত লভ্যাংশের অনুপাত $\frac{1}{2} : \frac{1}{3}$ হলে, তাদের মূলধনের অনুপাত —
(a) 2 : 3, (b) 3 : 2, (c) 1 : 1, (d) 5 : 3।
- (ii) যদি $p + q = \sqrt{13}$ এবং $p - q = \sqrt{5}$ হয়, তাহলে pq -এর মান — (a) 2, (b) 18, (c) 9, (d) 8।
- (iii) কোনো বৃত্তের কেন্দ্র O এবং ব্যাস AB। ABCD বৃত্তস্থ চতুর্ভুজ। $\angle ABC = 65^\circ$, $\angle DAC = 40^\circ$ হলে, $\angle BCD$ -এর মান —
(a) 75° , (b) 105° , (c) 115° , (d) 80° ।
- (iv) $\tan \alpha + \cot \alpha = 2$ হলে, $\tan^{13} \alpha + \cot^{13} \alpha$ -এর মান — (a) 13, (b) 2, (c) 1, (d) 0।
- (v) $2\sqrt{6}$ সেমি বাহুবিশিষ্ট দুটি ঘনক পাশাপাশি রাখলে উৎপন্ন আয়তঘনকটির কর্ণের দৈর্ঘ্য হবে —
(a) 10 সেমি, (b) 6 সেমি, (c) 2 সেমি, (d) 12 সেমি।
- (vi) $x_1, x_2, x_3, \dots, x_{10}$ রাশিগুলির গড় 20 হলে, $x_1 + 4, x_2 + 4, x_3 + 4, \dots, x_{10} + 4$, রাশিগুলির গড় হবে —
(a) 20, (b) 24, (c) 40, (d) 10।

2. শূন্যস্থান পূরণ করো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) এক ব্যক্তি ব্যাংকে 100 টাকা জমা রেখে, 2 বছর পর সমূল চক্রবৃদ্ধি পেলেন 121 টাকা। বার্ষিক সুদের হার ছিল _____ %।
- (ii) দুটি দ্বিঘাত করণীর যোগফল ও গুণফল একটি মূলদ সংখ্যা হলে করণীদ্বয় _____ করণী।
- (iii) দুটি ত্রিভুজের ভূমি একই সরলরেখায় অবস্থিত এবং ত্রিভুজ দুটির অপর শীর্ষবিন্দুটি সাধারণ হলে, ত্রিভুজ দুটির ক্ষেত্রফলের অনুপাত ভূমির দৈর্ঘ্যের অনুপাতের _____।
- (iv) $\frac{\cos 53^\circ}{\sin 37^\circ}$ এর সরলতম মান _____।
- (v) একটি নিরেট লম্ব বৃত্তাকার চোঙের তলসংখ্যা _____।
- (vi) x_1, x_2, \dots, x_{100} চলগুলি উর্ধ্বক্রমে থাকলে, এদের মধ্যমা _____।

3. নীচের বিবৃতিগুলি সত্য বা মিথ্যা লেখো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) বার্ষিক 10% হারে 100 টাকার 1 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য হবে 1 টাকা।
- (ii) $ab : c^2$, $bc : a^2$ এবং $ca : b^2$ -এর যৌগিক অনুপাত 1 : 1।
- (iii) তিনটি অসমরেন্থ বিন্দু দিয়ে একটিমাত্র বৃত্ত আঁকা যায়।
- (iv) $\sin 30^\circ + \sin 60^\circ > \sin 90^\circ$ ।
- (v) একই ভূমি ও একই উচ্চতাবিশিষ্ট একটি লম্ব বৃত্তাকার শঙ্কু ও একটি লম্ব বৃত্তাকার চোঙের আয়তনের অনুপাত 1 : 3 হবে।
- (vi) 2, 3, 9, 10, 9, 3, 9 তথ্যের মধ্যমার মান 10।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুইটি)

2×10=20

- (i) বার্ষিক 5% সরল সুদের হারে কত টাকার মাসিক সুদ 1 টাকা হবে তা নির্ণয় করো।
- (ii) এক অংশীদারি ব্যবসায় তিনজনের মূলধনের অনুপাত 3 : 5 : 8। প্রথম ব্যক্তির লাভ তৃতীয় ব্যক্তির লাভের থেকে 60 টাকা কম হলে, ব্যবসায় মোট কত লাভ হয়েছিল?



(iii) $\frac{a}{2} = \frac{b}{3} = \frac{c}{4} = \frac{2a-3b+4c}{p}$ হলে, p-এর মান কত?

(iv) $x \propto y^2$ এবং $y = 2a$, $x = a$ হলে দেখাও যে, $y^2 = 4ax$ ।

(v) ABCD ট্র্যাপিজিয়ামের BC || AD এবং AD = 4 সেমি। AC ও BD কর্ণদ্বয় এমনভাবে O বিন্দুতে ছেদ করে যে, $\frac{AO}{OC} = \frac{DO}{OB} = \frac{1}{2}$ হয়। BC-এর দৈর্ঘ্য কত?

(vi) একটি বৃত্তে দুটি জ্যা AB এবং AC পরস্পর লম্ব। AB = 4 সেমি এবং AC = 3 সেমি হলে, বৃত্তটির ব্যাসার্ধের দৈর্ঘ্য নির্ণয় করো।

(vii) ΔABC -এর $\angle ABC = 90^\circ$ এবং $BD \perp AC$, যদি AB = 5 সেমি এবং BC = 12 সেমি হয়, তবে BD-এর দৈর্ঘ্য কত?

(viii) $\theta (0^\circ \leq \theta \leq 90^\circ)$ -এর কোন্ মান বা মানগুলির জন্য $2 \sin \theta \cos \theta = \cos \theta$ হবে?

(ix) $\sin 10\theta = \cos 8\theta$ এবং 10θ ধনাত্মক সূক্ষ্মকোণ হলে, $\tan 9\theta$ -এর মান নির্ণয় করো।

(x) একটি আয়তঘনাকৃতি ঘরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে a একক, b একক এবং c একক এবং $a + b + c = 25$, $ab + bc + ca = 240.5$ হলে ঘরটির মধ্যে যে বৃহত্তম দণ্ডটি রাখা যাবে তার দৈর্ঘ্য কত হবে?

(xi) একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর পার্শ্বতলের ক্ষেত্রফল ভূমির ক্ষেত্রফলের $\sqrt{5}$ গুণ। শঙ্কুটির উচ্চতা ও ভূমির ব্যাসার্ধের অনুপাত কত?

(xii) প্রথম $(2n + 1)$ সংখ্যক ক্রমিক স্বাভাবিক সংখ্যার মধ্যবর্তী সংখ্যা $\frac{n + 103}{3}$ হলে, n-এর মান নির্ণয় করো।

5. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) যদি 6 মাস অন্তর সুদ, আসলের সঙ্গে যুক্ত হয় তাহলে বার্ষিক 10% চক্রবৃদ্ধি হার সুদে 8,000 টাকার $1\frac{1}{2}$ বছরের সমুল চক্রবৃদ্ধি ও চক্রবৃদ্ধি সুদ কত হবে?

(ii) দুই বন্ধু যথাক্রমে 40,000 টাকা ও 50,000 টাকা দিয়ে একটি অংশীদারি ব্যবসা শুরু করে। তাদের মধ্যে একটি চুক্তি হয় যে, লাভের 50% নিজেদের মধ্যে সমান ভাগে এবং লাভের অবশিষ্টাংশ মূলধনের অনুপাতে ভাগ হবে। প্রথম বন্ধুর লভ্যাংশ যদি দ্বিতীয় বন্ধুর লভ্যাংশ অপেক্ষা 800 টাকা কম হয়, তবে প্রথম বন্ধুর লভ্যাংশ কত?

6. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) $x^2 + x + 1 = 0$ সমীকরণটির বীজগুলির বর্গ যে সমীকরণের বীজ, সেই সমীকরণটি নির্ণয় করো।

(ii) কলমের মূল্য প্রতি ডজনে 6 টাকা কম হলে, 30 টাকায় আরও তিনটি বেশি কলম পাওয়া যাবে। কলম পূর্বে প্রতি ডজন কলমের মূল্য নির্ণয় করো।

7. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) সরল করো : $\frac{4\sqrt{3}}{2-\sqrt{2}} - \frac{30}{4\sqrt{3}-\sqrt{18}} - \frac{\sqrt{18}}{3-\sqrt{12}}$ ।

(ii) যদি $\left(\frac{1}{x} - \frac{1}{y}\right) \propto \frac{1}{x-y}$ হয় তবে দেখাও যে, $(x^2 + y^2) \propto xy$ ।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) $(3x - 2y) : (x + 3y) = 5 : 6$ হলে, $(2x + 5y) : (3x + 4y)$ -এর মান নির্ণয় করো।

(ii) যদি $\frac{b+c-a}{y+z-x} = \frac{c+a-b}{z+x-y} = \frac{a+b-c}{x+y-z}$ হয় তবে প্রমাণ করো যে, $\frac{a}{x} = \frac{b}{y} = \frac{c}{z}$ ।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) প্রমাণ করো যে, অর্ধবৃত্তস্থ কোণ সমকোণ।

(ii) প্রমাণ করো যে, যদি দুটি বৃত্ত পরস্পরকে বহিঃস্পর্শ করে, তাহলে স্পর্শবিন্দুটি কেন্দ্র দুটির সংযোজক সরলরেখাংশের ওপর অবস্থিত হবে।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

(i) O কেন্দ্রীয় বৃত্তের পরিলিখিত চতুর্ভুজ ABCD হলে প্রমাণ করো যে, $AB + CD = BC + DA$ ।

(ii) ΔABC -এর $\angle A$ সমকোণ এবং BP ও CQ দুটি মধ্যমা হলে প্রমাণ করো যে, $5BC^2 = 4(BP^2 + CQ^2)$ ।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

(i) ABC একটি ত্রিভুজ অঙ্কন করো যার BC = 7 সেমি, AB = 5 সেমি এবং AC = 6 সেমি। ABC ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন করো। (কেবলমাত্র অঙ্কন চিহ্ন দিতে হবে)

(ii) 4 সেমি ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন করো। বৃত্তের কেন্দ্র থেকে 6.5 সেমি দূরে কোনো বহিস্থ বিন্দু থেকে ওই বৃত্তের দুটি স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

3×2=6

(i) ΔABC -এর $\angle C = 90^\circ$ । যদি BC = m এবং AC = n হয় তবে দেখাও যে, $m \sin A + n \sin B = \sqrt{m^2 + n^2}$ ।

(ii) মান নির্ণয় করো : $\frac{4}{3} \cot^2 30^\circ + 3 \sin^2 60^\circ - 2 \operatorname{cosec}^2 60^\circ - \frac{3}{4} \tan^2 30^\circ$ ।

(iii) যদি $\angle P + \angle Q = 90^\circ$ হয়, তবে দেখাও যে, $\sqrt{\frac{\sin P}{\cos Q}} - \sin P \cos Q = \cos^2 P$ ।

13. যে-কোনো ত্রুটি প্রস্নের উত্তর দাও :

- (i) 600 মিটার চওড়া কোনো নদীর একটি ঘাট থেকে দুটি নৌকা দুটি ভিন্ন অভিমুখে নদীর ওপারে যাওয়ার জন্য রওনা দিল। যদি প্রথম নৌকাটি নদীর এপারের সঙ্গে 30° কোণ এবং দ্বিতীয় নৌকাটি প্রথম নৌকার গতিপথের সঙ্গে 90° কোণ করে চলে ওপারে পৌঁছায় তাহলে ওপারে পৌঁছানোর পরে নৌকাদুটির মধ্যে দূরত্ব কত হবে?
- (ii) একটি তিনতলা বাড়ির ছাদে 3.6 মিটার দৈর্ঘ্যের একটি পতাকা দণ্ড আছে। রাস্তার কোনো একস্থান থেকে দেখলে পতাকা দণ্ডটির চূড়া ও পাদদেশের উন্নতি কোণ যথাক্রমে 50° ও 45° হয়। বাড়িটির উচ্চতা কত? (ধরে নাও, $\tan 50^\circ = 1.2$)

14. যে-কোনো দুটি প্রস্নের উত্তর দাও :

4×2=8

- (i) ঘনকাকৃতি একটি জলপূর্ণ চৌবাচ্চা থেকে সমান মাপের 64 বালতি জল তুলে নিলে চৌবাচ্চাটির $\frac{1}{3}$ অংশ জলপূর্ণ থাকে। চৌবাচ্চাটির বাহুর দৈর্ঘ্য যদি 1.2 মিটার হয়, তবে প্রতিটি বালতিতে কত লিটার জল ধরে? (1 ঘনডেসিমিটার = 1 লিটার)
- (ii) একটি তারের প্রস্থচ্ছেদের ব্যাস 50% কমানো হল। আয়তন অপরিবর্তিত রাখতে হলে তারটির দৈর্ঘ্য কত শতাংশ বাড়াতে হবে?
- (iii) লম্ব বৃত্তাকার শঙ্কু আকৃতির একটি তাঁবু তৈরি করতে 77 বর্গমিটার ত্রিভুজ লেগেছে। তাঁবুটির তির্যক উচ্চতা যদি 7 মিটার হয়, তবে তাঁবুটির ভূমিতলের ক্ষেত্রফল কত?

15. যে-কোনো দুটি প্রস্নের উত্তর দাও :

4×2=8

- (i) যদি নীচের পরিসংখ্যা বিভাজন তালিকার যৌগিক গড় 54 হয়, তবে K-এর মান নির্ণয় করো :

শ্রেণি	0 – 20	20 – 40	40 – 60	60 – 80	80 – 100
পরিসংখ্যা	7	11	K	9	13

- (ii) নীচের প্রদত্ত ক্রমযৌগিক পরিসংখ্যা বিভাজন ছকটি থেকে পরিসংখ্যা বিভাজন ছক তৈরি করে, তথ্যটির সংখ্যাগুরুমান নির্ণয় করো :

শ্রেণি	10-এর কম	20-এর কম	30-এর কম	40-এর কম	50-এর কম	60-এর কম	70-এর কম	80-এর কম
পরিসংখ্যা	4	16	40	76	96	112	120	125

- (iii) নীচের তালিকা থেকে একটি বিদ্যালয়ের দশম শ্রেণির 52 জন ছাত্রের গড় নম্বর প্রত্যক্ষ পদ্ধতি ও কল্পিত গড় পদ্ধতিতে নির্ণয় করো :

ছাত্র সংখ্যা	4	7	10	15	8	5	3
নম্বর	30	33	35	40	43	45	48

ANSWER

1. (i) (b) 3 : 2; (ii) (a) 2; (iii) (c) 115° ; (iv) (b) 2; (v) (d) 12 সেমি; (vi) (b) 24; 2. (i) 10%; (ii) অনুবন্দী; (iii) সমান; (iv) 1; (v) 3; (vi) $\frac{x_{50} + x_{51}}{2}$;
 3. (i) মিথ্যা; (ii) সত্য; (iii) সত্য; (iv) সত্য; (v) সত্য; (vi) মিথ্যা; 4. (i) 240 টাকা; (ii) 192 টাকা; (iii) 11; (v) 8 সেমি; (vi) 2.5 সেমি;
 (vii) 4.62 সেমি (প্রায়); (viii) $30^\circ, 90^\circ$; (ix) 1; (x) 12 একক; (xi) 2 : 1; (xii) 50; 5. (i) 9261 টাকা, 1261 টাকা; (ii) 6800 টাকা;
 6. (i) $x^2 + x + 1 = 0$; (ii) 30 টাকা; 7. (i) $4\sqrt{6}$; 8. (i) 17 : 19; 12. (ii) $3\frac{1}{3}$; 13. (i) $800\sqrt{3}$ মিটার; (ii) 18 মিটার; 14. (i) 18 লিটার;
 (ii) 300%; (iii) 38.5 বর্গমিটার; 15. (i) 10; (ii) 34.29 (প্রায়); (iii) 38.73 (প্রায়)।

Madhyamik Examination - 2020

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো :

1×6=6

- (i) কোনো মূলধন 10 বছরে দ্বিগুণ হলে, বার্ষিক সরল সুদের হার — (a) 5%, (b) 10%, (c) 15%, (d) 20%।
- (ii) $x^2 - 7x + 3 = 0$ সমীকরণের বীজদ্বয়ের গুণফল — (a) 7, (b) -7, (c) 3, (d) -3।
- (iii) O কেন্দ্রীয় বৃত্তের AB ও CD জ্যা দুটির দৈর্ঘ্য সমান, $\angle AOB = 60^\circ$ হলে, $\angle COD$ -এর মান হবে — (a) 30° , (b) 60° , (c) 120° , (d) 180° ।
- (iv) দুটি লম্ব বৃত্তাকার শঙ্কুর আয়তনের অনুপাত 1 : 4 এবং তাদের ভূমিতলের ব্যাসার্ধের দৈর্ঘ্যের অনুপাত 4 : 5 হলে, তাদের উচ্চতার অনুপাত — (a) 1 : 5, (b) 5 : 4, (c) 25 : 16, (d) 25 : 64।
- (v) যদি $\sin\theta - \cos\theta = 0$, ($0^\circ < \theta < 90^\circ$) এবং $\sec\theta + \operatorname{cosec}\theta = x$ হয়, তাহলে x-এর মান — (a) 1, (b) 2, (c) $\sqrt{2}$, (d) $2\sqrt{2}$ ।
- (vi) 1, 3, 2, 8, 10, 8, 3, 2, 8, 8-এর সংখ্যাগুরুমান — (a) 2, (b) 3, (c) 8, (d) 10।

2. শূন্যস্থান পূরণ করো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) আনিসুর 500 টাকা 9 মাসের জন্য এবং ডেভিড 600 টাকা 5 মাসের জন্য একটি যৌথ ব্যবসায় নিয়োজিত করে। তাদের লভ্যাংশের অনুপাত হবে _____।
- (ii) $ax^2 + 2bx + c = 0$ ($a \neq 0$), দ্বিঘাত সমীকরণের বীজদ্বয় বাস্তব ও সমান হলে $b^2 =$ _____ হবে।



- (iii) দুটি কোণের সমাখ্য _____ হলে তাদেরকে পরস্পরের পরস্পরীয় বিন্দু বলা হয়।
 (iv) $\sin 3\theta$ -এর সর্বোচ্চ মান _____।
 (v) একটি নিরেট গোলক গলিয়ে একটি নিরেট লম্ব বৃত্তাকার চোঙ তৈরি করা হলে গোলক ও চোঙের _____ সমান হবে।
 (vi) কিছু ছাত্রের বয়স হল (বছরে) 10, 11, 9, 7, 13, 8, 14; এদের বয়সের মধ্যমা হল _____ বছর।

3. নিচের বিবৃতিগুলি সত্য বা মিথ্যা লেখো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) বার্ষিক $\frac{r}{2}\%$ সরল সুদের হারে $2p$ টাকার t বছরের সুদে-আসলে হল $(2p + \frac{prt}{100})$ টাকা।
 (ii) $2a = 3b = 4c$ হলে, $a : b : c = 2 : 3 : 4$ হবে।
 (iii) একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যের অনুপাত 5 : 12 : 13 হলে, ত্রিভুজটি সর্বদা সমকোণী ত্রিভুজ হবে।
 (iv) একটি রশ্মির প্রান্তবিন্দুকে কেন্দ্র করে, রশ্মিটিকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘোরানো জন্ম উৎপন্ন কোণটি ধনাত্মক হবে।
 (v) n যদি যুগ্ম সংখ্যা হয়, তবে মধ্যমা হবে $(\frac{n}{2})$ -তম ও $(\frac{n}{2} - 1)$ -তম পর্যবেক্ষণের গড়।
 (vi) একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ব্যাসার্ধের দৈর্ঘ্য অর্ধেক এবং উচ্চতা দ্বিগুণ করা হলে শঙ্কুটির আয়তন একই থাকে।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দশটি)

2×10=20

- (i) কোনো আসল ও তার 5 বছরের সর্বমুদলের অনুপাত 5 : 6 হলে, বার্ষিক সরল সুদের হার নির্ণয় করো।
 (ii) A এবং B কোনো ব্যবসায় 1,050 টাকা লাভ করে। A-এর মূলধন 900 টাকা এবং লভ্যাংশ 630 টাকা হলে, B-এর মূলধন কত?
 (iii) $x \propto y$, $y \propto z$ এবং $z \propto x$ হলে, ভেদ ধ্রুবক তিনটির গুণফল নির্ণয় করো।
 (iv) $5x^2 - 2x + 3 = 0$ দ্বিঘাত সমীকরণের বীজদুটি α ও β হলে, $\frac{1}{\alpha} + \frac{1}{\beta}$ -এর মান নির্ণয় করো।
 (v) ABCD আয়তাকার চিত্রের অভ্যন্তরে O বিন্দু এমনভাবে অবস্থিত যে OB = 6 সেমি, OD = 8 সেমি এবং OA = 5 সেমি। OC-এর দৈর্ঘ্য নির্ণয় করো।
 (vi) ABC সমকোণী ত্রিভুজের $\angle ABC = 90^\circ$, AB = 3 সেমি, BC = 4 সেমি এবং B বিন্দু থেকে AC বাহুর উপর লম্ব BD যা AC বাহুর সঙ্গে D বিন্দুতে মিলিত হয়। BD-এর দৈর্ঘ্য নির্ণয় করো।
 (vii) দুটি বৃত্তের ব্যাসার্ধের দৈর্ঘ্য 8 সেমি এবং 3 সেমি। তাদের কেন্দ্রদ্বয়ের দূরত্ব 13 সেমি। বৃত্ত দুটির সরল সাধারণ স্পর্শকের দৈর্ঘ্য কত?
 (viii) একটি ঘড়ির ঘণ্টার কাঁটা 1 ঘণ্টায় যে কোণ আবর্তন করে তার বৃত্তীয় মান কত?
 (ix) $\tan 4\theta \tan 6\theta = 1$ এবং 6θ ধনাত্মক সূক্ষ্মকোণ হলে, θ -এর মান নির্ণয় করো।
 (x) একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর উচ্চতা 12 সেমি এবং আয়তন 100π ঘনসেমি। শঙ্কুটির তির্যক উচ্চতা নির্ণয় করো।
 (xi) দুটি গোলকের বক্রতলের ক্ষেত্রফলের অনুপাত 1 : 4 হলে, তাদের আয়তনের অনুপাত নির্ণয় করো।
 (xii) যদি $u_i = \frac{x_i - 35}{10}$, $\sum f_i u_i = 30$ এবং $\sum f_i = 60$ হয়, তাহলে \bar{x} -এর মান নির্ণয় করো।

5. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

- (i) তোমার কাকার কারখানায় একটি মেশিনের মূল্য প্রতি বছর 10% হারে হ্রাসপ্রাপ্ত হয়। মেশিনটির বর্তমান মূল্য 6000 টাকা হলে 3 বছর পরে ওই মেশিনের মূল্য কত হবে?
 (ii) তিন বন্ধু যথাক্রমে 1,20,000 টাকা, 1,50,000 টাকা ও 1,10,000 টাকা মূলধন নিয়ে একটি বাস ক্রয় করে। প্রথম জন ড্রাইভার ও বাকি দুজন কনডাক্টরের কাজ করে। তারা ঠিক করে যে আয়ের $\frac{2}{5}$ অংশ কাজের জন্য 3 : 2 : 2 অনুপাতে ভাগ করবে এবং বাকি টাকা মূলধনের অনুপাতে ভাগ করে নেবে। কোনো এক মাসে যদি 29,260 টাকা আয় হয়, তবে কে কত টাকা পাবে নির্ণয় করো।

6. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

- (i) সমাধান করো : $\frac{1}{x-3} - \frac{1}{x+5} = \frac{1}{6}$ [$x \neq 3, -5$]
 (ii) দুটি ক্রমিক ধনাত্মক অযুগ্ম সংখ্যার গুণফল 143 হলে সমীকরণটি গঠন করো এবং শ্রীধর আচার্যের সূত্র প্রয়োগ করে সংখ্যা দুটি নির্ণয় করো।

7. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

- (i) $x = 2 + \sqrt{3}$ এবং $x + y = 4$ হলে, $xy + \frac{1}{xy}$ -এর সরলতম মান নির্ণয় করো।
 (ii) $a \propto b$ এবং $b \propto c$ হলে প্রমাণ করো, $a^3 + b^3 + c^3 \propto 3abc$ ।

8. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

3

- (i) $x : a = y : b = z : c$ হলে দেখাও যে, $\frac{x^3}{a^3} + \frac{y^3}{b^3} + \frac{z^3}{c^3} = \frac{3xyz}{abc}$ ।
 (ii) যদি $\frac{ay - bx}{c} = \frac{cx - az}{b} = \frac{bz - cy}{a}$ হয়, তবে প্রমাণ করো যে, $\frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$ ।

9. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

5

- (i) প্রমাণ করো, একই বৃত্তাংশস্থ সকল কোণই সমান।

(ii) প্রমাণ করো, বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে যে দুটি স্পর্শক অঙ্কন করা যায় তাদের স্পর্শবিন্দু দুটির সঙ্গে বহিঃস্থ বিন্দুর সংযোজক সরলরেখাংশ দুটির দৈর্ঘ্য সমান।

10. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 3

(i) দুটি বৃত্ত পরস্পরকে P ও Q বিন্দুতে ছেদ করেছে। PA ও PB যথাক্রমে দুটি বৃত্তের ব্যাস হলে, প্রমাণ করো A, Q, B বিন্দুত্রয় সমরেখ।

(ii) সমকোণী ত্রিভুজ ABC-এর $\angle A = 90^\circ$, BC-এর উপর AD লম্ব, প্রমাণ করো $\frac{\Delta ABC\text{-এর ক্ষেত্রফল}}{\Delta ACD\text{-এর ক্ষেত্রফল}} = \frac{BC^2}{AC^2}$ ।

11. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5

(i) 4 সেমি এবং 3 সেমি দৈর্ঘ্যের সরলরেখাংশ দুটির মধ্যসমানুপাতী অঙ্কন করো।

(ii) 3 সেমি ব্যাসার্ধের একটি বৃত্ত অঙ্কন করো। বৃত্তের ওপর একটি বিন্দু A-তে স্পর্শক অঙ্কন করো।

12. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 3×2=6

(i) যদি $\sin 17^\circ = \frac{x}{y}$ হয়, তাহলে দেখাও $\sec 17^\circ - \sin 73^\circ = \frac{x^2}{y \sqrt{y^2 - x^2}}$ ।

(ii) দুটি কোণের সমষ্টি 135° এবং তাদের অন্তর $\frac{\pi}{12}$ হলে, কোণ দুটির যিকি ও বৃত্তীয় মান লেখো।

(iii) মান নির্ণয় করো : $\frac{5 \cos^2 \frac{2\pi}{3} + 4 \sec^2 \frac{2\pi}{6} - \tan^2 \frac{2\pi}{4}}{\sin^2 \frac{2\pi}{6} + \cos^2 \frac{2\pi}{6}}$ ।

13. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 5

(i) একটি হ্রদের h মিটার ওপর একটি বিন্দু থেকে কোনো মেঘের উন্নতি কোণ α এবং হ্রদের ওপর ওর প্রতিবিশ্বের অবনতি কোণ β । প্রমাণ করো, যে বিন্দু থেকে মেঘ দেখা যাচ্ছে সেখান থেকে মেঘের দূরত্ব $\frac{2h \sec \alpha}{\tan \beta - \tan \alpha}$ ।

(ii) দুটি স্তম্ভের উচ্চতা যথাক্রমে 180 মিটার এবং 60 মিটার। দ্বিতীয় স্তম্ভটির গোড়া থেকে প্রথমটির চূড়ার উন্নতি কোণ 60° হলে, প্রথমটির গোড়া থেকে দ্বিতীয়টির চূড়ার উন্নতি কোণ নির্ণয় করো।

14. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 4×2=8

(i) একটি ফাঁপা লম্ব বৃত্তাকার চোঙাকৃতি লোহার নলের বাহ্যিকব্যাসার্ধের দৈর্ঘ্য 5 সেমি এবং অন্তর্ব্যাসার্ধের দৈর্ঘ্য 4 সেমি। নলটির সমগ্রতলের ক্ষেত্রফল 1188 বর্গসেমি হলে নলটির দৈর্ঘ্য নির্ণয় করো।

(ii) 9 সেমি অন্তর্ব্যাসার্ধবিশিষ্ট একটি অর্ধগোলাকার পাত্র সম্পূর্ণ জলপূর্ণ আছে। এই জল 3 সেমি ব্যাস এবং 4 সেমি উচ্চতাবিশিষ্ট চোঙাকৃতি বোতলে ভরতি করে রাখা হবে। পাত্রটি খালি করতে কতগুলি এইরূপ বোতল দরকার তা নির্ণয় করো।

(iii) একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ব্যাস 21 মিটার এবং উচ্চতা 14 মিটার। প্রতি বর্গমিটার 1.50 টাকা হিসেবে পার্শ্বতল রং করতে কত টাকা খরচ পড়বে?

15. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 4×2=8

(i) ছাত্রীদের প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় করো যদি তাদের প্রাপ্ত নম্বরের ক্রমবৈজ্ঞানিক পরিসংখ্যা নিম্নরূপ হয়।

নম্বর	10-এর কম	20-এর কম	30-এর কম	40-এর কম	50-এর কম
ছাত্রী সংখ্যা	6	10	18	30	46

(ii) নীচের পরিসংখ্যা বিভাজন থেকে তথ্যটির মধ্যমা নির্ণয় করো।

শ্রেণিসীমানা	0-10	10-20	20-30	30-40	40-50	50-60	60-70
পরিসংখ্যা	4	7	10	15	10	8	5

(iii) নীচের শ্রেণি-বিন্যাসিত পরিসংখ্যা বিভাজনের সংখ্যাগুরু মান নির্ণয় করো।

শ্রেণি	3-6	6-9	9-12	12-15	15-18	18-21	21-24
পরিসংখ্যা	2	6	12	24	21	12	3

ANSWER

1. (i) (b) 10%; (ii) (c) 3; (iii) (b) 60° ; (iv) (d) 25 : 64; (v) (d) $2\sqrt{2}$; (vi) (c) 8; 2. (i) 3 : 2; (ii) ac; (iii) 180° ; (iv) 1; (v) আয়তন; (vi) 10;
 3. (i) সত্য; (ii) মিথ্যা; (iii) সত্য; (iv) সত্য; (v) মিথ্যা; (vi) মিথ্যা; 4. (i) 4%; (ii) 600 টাকা; (iii) 1; (iv) $\frac{2}{3}$; (v) $5\sqrt{3}$ সেমি; (vi) 2.4 সেমি;
 (vii) 12 সেমি; (viii) $\frac{\pi^c}{6}$; (ix) 9° ; (x) 13 সেমি; (xi) 1 : 8; (xii) 40; 5. (i) 4374 টাকা; (ii) প্রথম জন — 10,560 টাকা, দ্বিতীয় জন — 10,274 টাকা, তৃতীয় জন — 8429 টাকা; 6. (i) $x = 7, -9$; (ii) 11, 13; 7. (i) 2; 12. (ii) $75^\circ, 60^\circ, \frac{5\pi^c}{12}, \frac{\pi^c}{3}$; (iii) $5\frac{7}{12}$; 13. (ii) 30° ;
 14. (i) 20 সেমি; (ii) 54টি; (iii) 866.25 টাকা; 15. (i) 31.09 (প্রায়); (ii) 35.67 (প্রায়); (iii) 14.4।



Madhyamik Examination - 2022

1. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করো :

1×6=6

- (i) একটি গ্রামের বর্তমান জনসংখ্যা P এবং প্রতিবছর জনসংখ্যা বৃদ্ধির হার 2r% হলে, n বছর পর জনসংখ্যা হবে —
(a) $P\left(1 + \frac{r}{100}\right)^n$, (b) $P\left(1 + \frac{r}{50}\right)^n$, (c) $P\left(1 + \frac{r}{100}\right)^{2n}$, (d) $P\left(1 - \frac{r}{100}\right)^n$ ।
- (ii) ফতিমা, শ্রেয়া এবং স্মিতা তিনজনে মোট 6,000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করে। এক বছর পরে ফতিমা, শ্রেয়া এবং স্মিতা যথাক্রমে লভ্যাংশের 50 টাকা, 100 টাকা এবং 150 টাকা পায়। স্মিতা ওই ব্যবসায় নিয়োজিত করে —
(a) 1000 টাকা, (b) 2000 টাকা, (c) 3000 টাকা, (d) 4000 টাকা।
- (iii) A : B = 2 : 3, B : C = 5 : 8, C : D = 6 : 7 হলে, A : D = কত? — (a) 2 : 7, (b) 7 : 2, (c) 5 : 8, (d) 5 : 14।
- (iv) 'O' কেন্দ্রীয় বৃত্তে PQ একটি ব্যাস; R বৃত্তের ওপর একটি বিন্দু এবং PR = RQ হলে, $\angle RPQ$ -এর মান —
(a) 30°, (b) 90°, (c) 60°, (d) 45°।
- (v) দুটি বৃত্ত পরস্পরকে স্পর্শ বা ছেদ না করলে বৃত্ত দুটির সাধারণ স্পর্শক সংখ্যা — (a) 2 টি, (b) 1 টি, (c) 3 টি, (d) 4 টি।
- (vi) 2r একক দৈর্ঘ্যের ব্যাসার্ধবিশিষ্ট নিরেট গোলকের আয়তন —
(a) $\frac{32\pi r^3}{3}$ ঘনএকক, (b) $\frac{16\pi r^3}{3}$ ঘনএকক, (c) $\frac{8\pi r^3}{3}$ ঘনএকক, (d) $\frac{64\pi r^3}{3}$ ঘনএকক।

2. সূন্যস্থান পূরণ করো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হার r% এবং প্রথম বছরের মূলধন P টাকা হলে, দ্বিতীয় বছরের মূলধন _____।
- (ii) $7\sqrt{11}$ একটি _____ সংখ্যা।
- (iii) কোনো গোলকের ব্যাসার্ধ r এবং আয়তন v হলে, $v \propto$ _____।
- (iv) দুটি ত্রিভুজ সদৃশ হবে, যদি তাদের অনুরূপ বাহুগুলি _____ হয়।
- (v) একটি চতুর্ভুজের বিপরীত কোণদ্বয় পরস্পর সম্পূরক হলে, চতুর্ভুজের শীর্ষবিন্দুগুলি _____।
- (vi) সমকোণী টোপালের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে সেই ঘনবস্তুর বিশেষ নাম _____।

3. সত্য বা মিথ্যা লেখো : (যে-কোনো পাঁচটি)

1×5=5

- (i) অংশীদারি ব্যবসায় কমপক্ষে 3 জন লোকের দরকার।
